

প্রাইজ - ট্রাইজ

এই লোকটাই প্রাইজ - ট্রাইজ দেয়
এই লোকটার জিভটা একটু বড়,
শব্দটব্দ ঈষৎ জড়িয়ে যায়
কিন্তু লোকটা আঙুল নাড়ায় দড়

চোখের পাতায় লুকনো সংখ্যাহীন
ওই লোকটার অশ্রুনাশীও আছে
কারণ পেলেই কেঁদে ফালাবে অবিরাম
ফ্ল্যাশগান আর মাইক্রোফোনের কাছে

সে কান্না তুমি তুলিতে আঁকতে পারো
ভাষায় ফোটাতে পারো তার মহিমাও
মাটি ছেনে যদি ভাস্কর্যে তা গড়ে
তুলে নিতে পারো যে কোনও মাপের দাঁও

ওই লোকটাই সামনের সারি জুড়ে
দরাজ হাসিতে রঙিন পেখম ফোলায়
দ্যাখো ওর সাথে জুটেছে আরেকজন
এই নতুন লোকটা প্রাইজ-ট্রাইজ পায়।

সুজাতা গঙ্গোপাধ্যায়

